

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা  
[www.minland.gov.bd](http://www.minland.gov.bd)

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভার তারিখ : ২৮ জুলাই, ২০১৯ খ্রি.  
সময় : বেলা ১২:০০ ঘটিকা  
স্থান : সচিব মহোদয়ের কক্ষ  
সভাপতি : জনাব মোঃ মাক্ছুদুর রহমান পাটওয়ারী, সচিব, ভূমি মন্ত্রণালয়।  
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-“ক”

১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০১৯ খ্রি. তারিখ বৃহস্পতিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে ভূমি মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সমূহের জন্য প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সুএপাত করেন। তিনি সভায় উপস্থিত সদস্যগণকে এ বিষয়ে মতামত দেয়ার জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত সদস্যগণ আগামী ১৫ আগস্ট ২০১৯ খ্রি. তারিখ বৃহস্পতিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির উপর মতামত ব্যক্ত করেন।

২। সভায় বিস্তারিত আলোচনার পর আগামী ১৫ আগস্ট ২০১৯ খ্রি. তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের নিমিত্ত ভূমি মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সমূহের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

ক্রমিক নম্বর	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	১৫ আগস্ট ২০১৯ খ্রি. তারিখ বৃহস্পতিবার ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/বোর্ড/সংস্থার ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না এবং মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করতে হবে।	ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/বোর্ড/সংস্থা
২.২	১৫ আগস্ট ২০১৯ খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ৬.৩০ ঘটিকার পর সুবিধাজনক সময়ে ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। উল্লেখ্য যে মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে স্ব-স্ব দপ্তরের ব্যানারসহ সকাল ৬:১৫ ঘটিকার পূর্বে মন্ত্রণালয়ের লাইনে অবস্থান গ্রহণ করতে হবে (মিরপুর রোডে লাজ ফার্মার সম্মুখে)।	ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/বোর্ড/সংস্থার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ
২.৩	আগামী ১৮ আগস্ট, ২০১৯ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকার সময় (সম্ভাব্য) ভূমি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (ভবন নং-৪, কক্ষ নং-৩২৬) জাতীয় শোক দিবস ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীভিত্তিক আলোচনা সভা ও দোয়া মাহফিল। ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/বোর্ড/সংস্থাসমূহও অনুরূপ কর্মসূচি গ্রহণ করবে।	ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/বোর্ড/সংস্থার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ

৩। সভাপতি জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে আন্তরিকতার সঙ্গে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত  
(মোঃ মাক্ছুদুর রহমান পাটওয়ারী)  
সচিব  
ভূমি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৫.৬৮.১১৬.১৬-১১৭৪

তারিখ: ২০/০৪/১৪২৬ বঙ্গাব্দ  
০৪/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব,.....(সকল), ভূমি মন্ত্রণালয়।
- ০৩। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), “উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৬ষ্ঠ পর্ব) প্রকল্প”, ভূমি মন্ত্রণালয়।
- ০৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ০৫। যুগ্মসচিব..... (সকল), ভূমি মন্ত্রণালয়।
- ০৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ নীলক্ষেত্র, বাবুপুরা, ঢাকা।
- ০৭। জাতীয় প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম প্রকল্প, ৩/এ নীলক্ষেত্র, বাবুপুরা, ঢাকা।
- ০৮। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), “সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প”, ৩/এ নীলক্ষেত্র, বাবুপুরা, ঢাকা।
- ০৯। উপসচিব..... (সকল)/উপপ্রধান, ভূমি মন্ত্রণালয়।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ১২। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ১৪। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান, ভূমি মন্ত্রণালয়।
- ১৫। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
- ১৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন।
- ১৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ভূমি মন্ত্রণালয়।
- ১৮। জনসংযোগ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।
- ১৯। মাষ্টার কপি।

  
০৪/০৮/২০১৯

সেবাস্টিন রেমা  
উপসচিব  
ভূমি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার